

আধো আধো বোল  
লাজে বাধো-বাধো বোল-  
বলো কানে কানে।  
যে কথাটি আধো রাতে  
মনে লাগায় দোল-  
বলো কানে কানে ॥  
যে কথার কলি সখি আজো ফুটিলো না,  
শরমে মরম-পাতে দোলে আনমনা  
যে কথাটি ঢেকে রাখে বুকের আঁচল-  
বলো কানে কানে ॥  
যে কথা লুকায় থাকে লাজ-নত চোখে,  
না বলিতে যে কথাটি জানাজানি লোকে,  
যে কথাটি ধরে রাখে অধরের কোল-  
বলো কানে কানে ॥  
যে কথা বলিতে চাহ, বেশভূষার ছলে,  
যে কথা দেয় বলে তব তনু পলে পলে  
যে কথাটি বলিতে সই গালে পড়ে টোল-  
বলো কানে কানে ॥